দৈনিক খবর

তারিখ 14 MAY 1988
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 1 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

10

# লাগসই প্রযুক্তির ব্যবহার

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম দেশের সার্বিক উন্নয়নে লাগসই প্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্ব আরোপ করে বলেছেন, 'এতদিন আমরা প্রযুক্তির ব্যবহারকে উৎসাহিত করিনি। বর্তমান সরকার রাজনৈতিক সদিচ্ছার ভিত্তিতে লাগসই প্রযুক্তির ব্যবহারকে উৎসাহিত করার জন্য ব্যাপক কর্মসূচী নিয়েছে।' 'বাংলাদেশে শিল্পায়নে প্রযুক্তি পরিকল্পনা' শীর্ষক একটি আন্তর্জাতিক ফোরাম অনুষ্ঠানের প্রাক্কালে গত বৃহস্পতিবার সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি এ কথা বলেন। এ সম্পর্কে বলতে গিয়ে তিনি কিছু সমস্যার কথাও উল্লেখ করেন। তিনি বলেন, জাতীয় ভিত্তিতে সকল সেক্টরের কার্যক্রমকে প্রযুক্তি পরিকল্পনার সাথে সম্পৃক্তকরণের কাজ যথেষ্ট ব্যয় ও সময় সাপেক্ষ ব্যাপার।

বস্তুতঃ সমস্যা যতই থাক, শিল্প ও কৃষি সেক্টরে আশানুরূপ উৎপাদন বৃদ্ধি তথা জাতীয় উন্নয়ন এবং সমৃদ্ধির স্বার্থে লাগসই প্রযুক্তির ব্যবহারকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। কেননা এ পথ ব্যতিরেকে আমাদের উত্তরণের ভিন্ন কোন পন্থা নেই। এ বাস্তবতা শুধু আমাদের দেশের জন্যেই যে প্রযোজ্য তা নয়— আধুনিক, উন্নত ও লাগসই প্রযুক্তিকে কাজে লাগিয়ে শিল্পোন্নত দেশগুলো আজ সাফল্যের দোরগোড়ায় পৌঁছতে পেরেছে। পাশ্চাত্যের দেশগুলোতো বটেই, এমনকি শিল্প ক্ষেত্রে বিস্ময়কর সাফল্যের অধিকারী সেদিনকার অনগ্রসর ৪টি দেশ— দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং, সিঙ্গাপুর যেগুলো বর্তমান অর্থনৈতিক পর্যবেক্ষকের দৃষ্টিতে 'ফোর টাইগার্স' নামে খ্যাত সেসব দেশের শিল্পায়নের মূলেও রয়েছে প্রধান একটি কারণ, আর তা'হলো লাগসই প্রযুক্তির ব্যবহার।

বাংলাদেশ সরকার এখন শিল্পায়নের ওপর অধিক গুরুত্ব প্রদান করেছেন। এজন্যে দেশী-বিদেশী পুঁজি বিনিয়োগকারীদের শিল্প প্রতিষ্ঠায় উৎসাহিত করার লক্ষ্যে উদার শিল্প নীতি গ্রহণ করা হয়েছে। অধিকন্তু রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহকে রক্ষা করারও পদক্ষেপ নেয়া হচ্ছে। এসব ব্যবস্থা বা পদক্ষেপকে সফল করে তোলার জন্যে চাই লাগসই প্রযুক্তির ব্যবহার। ১৯৯০ সাল থেকে দেশে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা শুরু হবে। পূর্ববর্তী কোন পঞ্চবার্ষিক পরিকল্পনাই আমাদের জন্যে তেমন সাফল্য বয়ে আনেনি। কারণ, অপ্রিয় হলেও সত্য এই যে, এতদিন লাগসই প্রযুক্তির ব্যবহারকে ততোটা গুরুত্ব দেয়া হয়নি। ফলে উৎপাদন ব্যবস্থায় কাঙ্ক্ষিত পরিবর্তনও ছিলো অনুপস্থিত। বিষয়টি নিঃসন্দেহে ব্যয়বহুল এবং সময় সাপেক্ষ। তবু এ ভিন্ন আমাদের উন্নয়নের সংক্ষিপ্ত কোন পথ নেই। কৃষি এবং শিল্প উভয় সেক্টরেই তাই লাগসই প্রযুক্তির ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে এবং তা যত দ্রুত সম্ভব হয় ততই আমাদের জন্যে মঙ্গল।